



আনসার-ভিডিপি জনগণের বিশ্বাস অর্জন করেছে: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, সাহস, শৃঙ্খলা ও দায়িত্বশীল কর্মকাণ্ডের মাধ্যমে বাংলাদেশ আনসার ও ভিডিপি সাধারণ মানুষের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। তিনি আশা প্রকাশ করেন, ভবিষ্যতে বাহিনীটি আরও আধুনিক ও প্রযুক্তিনির্ভর মানবিক শক্তিতে রূপ নেবে।

বুধবার (২০ মে) গাজীপুরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৪৬তম জাতীয় সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

প্রধানমন্ত্রী জানান, আইনশৃঙ্খলা রক্ষা থেকে শুরু করে সামাজিক নানা কার্যক্রমে আনসার-ভিডিপির অবদান গুরুত্বপূর্ণ। পাশাপাশি ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রেও বাহিনীর সদস্যরা প্রশংসনীয় সাফল্য দেখিয়ে চলেছেন।

তিনি আরও বলেন, পেশাদারিত্ব ও শৃঙ্খলার সঙ্গে দায়িত্ব পালনের পাশাপাশি সদস্যদের দক্ষতা বৃদ্ধির উদ্যোগ বাহিনীর প্রাতিষ্ঠানিক সক্ষমতাকে আরও শক্তিশালী করবে।

এর আগে সকালে সফিপুর্নে সমাবেশস্থলে পৌঁছালে বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তারা প্রধানমন্ত্রীকে স্বাগত জানান। পরে তিনি ৪৬তম জাতীয় সমাবেশ উপলক্ষে আয়োজিত সুশৃঙ্খল কুচকাওয়াজ পরিদর্শন করেন এবং অভিবাদন মঞ্চ থেকে রাষ্ট্রীয় সালাম গ্রহণ করেন। এ সময় আনসার-ভিডিপির চৌকস দল প্রধানমন্ত্রীকে গার্ড অব অনার প্রদান করে।